বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

গাছ বিক্রির বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কোটবাড়ী, কুমিল্লা-এর বার্ডের প্রধান ফটকের পূর্ব পার্শ্বের কর্তণকৃত তিনটি ইউক্যালিপটাস গাছের ১৪টি লগ, নতুন স্কুল ভবন নির্মাণ কাজে বাধাগ্রস্থ ১০টি গাছ, বিভিন্ন স্থানে ঝড়ে পড়া মৃত ৩২টি গাছের আগামী ২৫/১১/২০১৯খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে। নিলাম সংক্রান্ত তথ্যাবলী বার্ডের Website: www.bard.gov.bd এ পাওয়া যাবে।

(ড. মোঃ শফিকুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)

নিলামের শর্তাবলি ঃ

১। জামানত হিসেবে নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা নিলাম কমিটির নিকট প্রদান করে নিলামে অংশগ্রহণ করতে হবে।

২। নিলামে অংশগ্রহণেরপূর্বে নিলামযোগ্য গাছ সরেজমিনে দেখার জন্য বার্ডের বাগান শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে। নিলাম কার্য সম্পন্ন হওয়ার পর গাছের অবস্থা, আকার ও কাঠের পরিমাণ সম্পর্কীয় কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩। সফল নিলামকারী কর্তৃক নিলামকৃত গাছ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থা থেকে কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে নিজস্ব খরচে কেটে নিয়ে যেতে হবে। উল্লিখিত সময়ের পর এতদ্‌বিষয়ে নিলামকারী বা তার নিযুক্ত লোকজনের বার্ড ক্যাম্পাসে অবস্থান বা চলাফেরা গ্রহণযোগ্য হবে না।

৪। সর্বোচ্চ নিলাম দরদাতাকে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ সাপেক্ষে নিলাম মূল্যের সম্পূর্ণ টাকা তিন দিনের মধ্যে বাগান শাখায় নগদ জমা দিয়ে গাছ বুঝে নিতে হবে।

৫। সফল নিলামকারী কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে নিলাম মূল্যের সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে বা গাছ নিতে অস্বীকৃতি জানালে জামানত বাবদ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৬। কৃতকার্য দরদাতা কর্তৃক নিলামকৃত গাছ কাটা ও নেয়ার সময় পাশ্ববর্তী গাছ ও স্থাপনার কোন ক্ষতি করা যাবে না। যদি কোন গাছ বা স্থাপনার ক্ষতিসাধন হয় তাহলে নিলাম গ্রহীতা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

৭। সরকারি নিয়মানুযায়ী কৃতকার্য দর দাতাকে তাঁর উদ্ধৃত মোট মূল্যের উপর **৭.৫% হারে অগ্রিম আয়কর ও ৪% হারে ভ্যাট** জমা দিতে হবে।

৮। সফল দরদাতা কর্তৃক নিলাম মূল্যের সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নিলামকৃত গাছ একাডেমি কর্তৃক নিলামগ্রহীতার নিকট হস্তান্তরের পর বিক্রিত গাছ কর্তনের ব্যাপারে একাডেমির কোন দায়-দায়িত্ব থাকবে না এবং এ ব্যাপারে নিলামগ্রহীতার কোন আপত্তি/অভিযোগও গ্রহণযোগ্য হবে না।

৯। বিক্রিত গাছ পাহারা বা কর্তনের ক্ষেত্রে নিয়োজিত কোন ব্যক্তির উচ্ছৃঙ্খলতা, অসামাজিক বা অশোভন কার্যকলাপ কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হলে একাডেমি কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

১০। কৃতকার্য দরদাতা কর্তৃক গাছ কর্তন করার পর মজুদ রাখার জন্য বার্ড ক্যাম্পাসে কোন ঘর/গোডাউন দেয়া হবে না।

১১। গাছ কর্তনের সময় একাডেমির কোন কর্মকর্তা/কর্মচারী বা ক্যাম্পাসে বসবাসকারী কারো সাথে নিলামগ্রহীতার কোন বিরোধ দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে বার্ড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। কিন্তু কোন অবস্থাতেই নিলামগ্রহীতা সরাসরি বিরোধে জড়িত হতে পারবে না।

১২। বর্ণিত শর্তাদি ভঙ্গের দায়ে নিলামকৃত গাছ সম্পূর্ণ বা আংশিক বাজেয়াপ্তসহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা একাডেমি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩। একাডেমি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় উক্ত নিলাম বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

১৪। বর্ণিত শর্তাদি বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে বার্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পরিচালক (প্রশাসন)